




পত্র নং- ৩৩.০৭.০০০০.০০১.০০.১১৮.১৫-১৬৮

তারিখ: ২২ মে, ২০২৩

নোটিশ

মেরিন ফিশারিজ একাডেমির এক্স-ক্যাডেটবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, একাডেমির শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর কার্যক্রম নং ১.৩ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে মত বিনিময় সভা বাস্তবায়নের লক্ষ্যে অত্র একাডেমি থেকে বিভিন্ন ধরনের নাগরিক সেবা গ্রহণকারী এক্স-ক্যাডেটবৃন্দের সাথে একাডেমির নৈতিকতা কমিটির মত বিনিময় সভা আগামী ৩১ মে, ২০২৩ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় একাডেমির সভা কক্ষে অনুষ্ঠিত হবে। অত্র একাডেমির অধ্যক্ষ ও নৈতিকতা কমিটির সভাপতি, ক্যাপ্টেন মোহাম্মদ ওয়াসিম মকসুদ, (জি), বিসিজিএম, পিএসসি, বিএন উক্ত সভায় সভাপতিত্ব করবেন। উক্ত মত বিনিময় সভায় অংশগ্রহণে আগ্রহী এক্স ক্যাডেটবৃন্দকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, সভায় অংশগ্রহণকারীগণ অত্র একাডেমির সিটিজেনস্ চার্টার অনুযায়ী যে সকল নাগরিক সেবা গ্রহণ করে থাকেন যেমনঃ বিভিন্ন প্রকারের সনদপত্র/প্রত্যয়নপত্র ইস্যু, পুনঃইস্যু, ভেরিফিকেশন ইত্যাদি বিষয়ে কোন প্রকার অসুবিধার সম্মুখীন হয়ে থাকলে বা কোন প্রকার অভিযোগ/পরামর্শ থাকলে সে ব্যাপারে মত বিনিময় করতে পারবেন।


(লেঃ কমান্ডার এম হাসানুজ্জামান)
(এনডি), বিসিজিএম, পিএসসি, বিএন
উর্দ্ধতন ইন্সট্রাক্টর (নেভিগেশন)
ও
ফোকাল পয়েন্ট, শুদ্ধাচার কৌশল

বিতরণঃ

- ১। সেক্রেটারি জেনারেল, এক্স-ক্যাডেট এ্যাসোসিয়েশন, মেরিন ফিশারিজ একাডেমি, সদরঘাট রোড, চট্টগ্রাম (এক্স-ক্যাডেটদের মধ্যে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ২। পি এ টু অধ্যক্ষ, অত্র দপ্তর (একাডেমির ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৩। নোটিশ বোর্ড, (প্রশাসন) এ দপ্তর।
- ৪। দপ্তর কপি।